

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/20/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো সমস্ত স্টেটের রাজপথগুলোতে ট্রাক্টর-ট্রেইলার এবং বাসের উপর থাকা নিষেধাজ্ঞা উঠিয়ে দিয়েছেন যা রবিবার সন্ধ্যা 6টা থেকে কার্যকর হবে

*হিমশীতল আবহাওয়া ও তীব্র ঠাণ্ডা বাতাস পুরো নিউ ইয়র্ক স্টেটে ঘরের বাইরে সম্ভাব্য বিপজ্জনক পরিস্থিতি সৃষ্টি করতে পারে*

*গাড়িচালকদের রাস্তায় না নামতে অনুরোধ করা হচ্ছে দ্রুত কমতে থাকা তাপমাত্রার কারণে ক্ল্যাশ ফ্রিজিং হতে পারে।*

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে বর্তমানে স্টেটের রাজপথগুলোতে ট্রাক্টর-ট্রেইলার এবং বাসের উপর থাকা বিরাজমান নিষেধাজ্ঞা উঠানো হয়েছে যা রবিবার সন্ধ্যা 6টা থেকে কার্যকর হবে। শীতকালে ঝড়ের ফলে সারা স্টেট জুড়ে ভ্রমণ প্রভাবিত হয়েছিল বলে শনিবার বিকাল 3টা থেকেই নিষেধাজ্ঞা কার্যকর হয়েছিল। ঠাণ্ডা বাতাস তাপমাত্রাকে শূন্যের নিচে নামিয়ে দিবে তাই গাড়িচালকদের রাস্তায় না নামতে জোর অনুরোধ করা হচ্ছে কারণ ক্ল্যাশ ফ্রিজিং এর আশঙ্কা অধিকতর বিপজ্জনক হয়ে উঠছে।

"বরফ ও ধ্বংসাবশেষের রাস্তা পরিষ্কার করার জন্য সপ্তাহান্ত জুড়ে কাজ করা পুরুষ ও মহিলাদের ধন্যবাদ, ট্রাক্টর-ট্রেইলার এবং বাসগুলিতে অবশিষ্ট ভ্রমণ নিষেধাজ্ঞা উত্তোলনের জন্য অবস্থার যথেষ্ট উন্নতি হয়েছে", **গভর্নর কুওমো বলেন।** "সারা দেশ জুড়ে ড্রাইভিং পরিস্থিতি অনেক জায়গায় কঠিন এবং আমি নিউইয়র্কারদের অপ্রয়োজনীয় ভ্রমণ এড়াতে অনুরোধ করছি যে, পরবর্তী নোটিশ না হওয়া পর্যন্ত কারণ এটি হালকাভাবে নেওয়ার মত কোন পরিস্থিতি না।"

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority) মোটরচালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে যা আই ফোন এবং অ্যান্ড্রয়েড ডিভাইসে ডাউনলোড করতে বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরচালকদের বাস্তু-সময়ে ট্রাফিক এবং দিক নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এই লিঙ্কটি অনুসরণ করে মোটরচালকেরা ট্রান্সএলার্ট (TRANSalert) ই-মেইলের জন্য সাইন আপ করতে পারেন যা থ্রুওয়ে বরাবর সর্বশেষ ট্রাফিক অবস্থা সরবরাহ করে:

<https://protect2.fireeye.com/url?k=fd447d9e-a1607cd7-fd4684ab-0cc47aa8d394-8a02c20ea77abc08&u=http://www.thruway.ny.gob/tas/index/shtml> |

প্রধান ঘটনাগুলির সময়, কর্তৃপক্ষ হাইওয়ে অ্যাডভাইজরি রেডিও (Highway Advisory Radio, HAR) সম্পর্কিত তথ্য প্রচার করে এবং মোটরচালকদের সতর্ক করার জন্য ভেরিয়েবল মেসেজ সাইন (Variable Message Signs, VMS) সক্রিয় করে। ভ্রমণের পূর্বে মোটরচালকদের 511 এ কল করে বা

<https://protect2.fireeye.com/url?k=71548dfc-2d708cb5-715674c9-0cc47aa8d394->

[80bc8feae0e6d964&u=http://www.511ny.org/](http://www.511ny.org/80bc8feae0e6d964&u=http://www.511ny.org/) তে প্রবেশ করে 511NY চেক করতেও মনে করে দেওয়া হচ্ছে। ফ্রি পরিষেবার সাহায্যে ব্যবহারকারীরা রাস্তার অবস্থা এবং ট্রানজিটের তথ্য জেনে নিতে পারবেন। মোবাইল ব্যবহারকারীরা আই টিউন্স (iTunes) অথবা গুগল প্লে (Google Play) স্টোর থেকে ফ্রি 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করতে পারবেন। অ্যাপটিতে এখন ড্রাইভ মোডের বৈশিষ্ট্য যোগ করা হয়েছে, এই মোডে ব্যবহারকারী তার বেছে নেওয়া রাস্তা ধরে গাড়ি চালানোর সময়ে অ্যালার্ট শুনতে পাবেন, কোনও দুর্ঘটনা অথবা কনস্ট্রাকশনের কথা তাদের জানিয়ে দেওয়া হবে। ব্যবহারকারীরা বের হওয়ার আগে গন্তব্যস্থান সেট করে নিতে পারবেন এবং তিনটি পর্যন্ত রাস্তা ধরে গতিপথের জন্য তথ্য পেতে পারবেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসারস্কাইব করুন](#)